

জাতীয়

গুলশানে সালমান মুক্তাদিরের শ্বশুরের চার মদের গুদাম সিলগালা

প্রতিবেদক: নিজস্ব প্রতিনিধি

প্রকাশের তারিখ: শুক্রবার, ০২ অক্টোবর ২০২৬, ১২:২০ PM



অনুমোদিত সীমার বাইরে শুদ্ধমুক্ত মদ মজুত রাখার অভিযোগে কনটেন্ট ক্রিয়েটর সালমান মুক্তাদিরের শ্বশুর শেখ নুর ইসলামের মালিকানাধীন প্রতিষ্ঠান 'টস বন্ড প্রাইভেট লিমিটেড'-এর চারটি গুদাম সিলগালা করেছে যৌথ তদন্ত দল।

বৃহস্পতিবার দিবাগত রাত থেকে শুক্রবার ভোর পর্যন্ত রাজধানীর গুলশানে অভিযান চালিয়ে এ ব্যবস্থা নেওয়া হয়। কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর (সিআইআইডি), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এবং স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন-১ (এসআরবি-১) যৌথভাবে অভিযানটি পরিচালনা করে।

জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানায়, বৃহস্পতিবার রাত সাড়ে ১০টা থেকে ভোর সাড়ে ৪টা পর্যন্ত অভিযান চলে। এ সময় ডিপ্লোম্যাটিক ওয়্যারহাউসটির কার্যক্রমে গুরুতর অসংগতি পাওয়া যায়।

অভিযানে দেখা যায়, প্রতিষ্ঠানটি মোট চারটি গুদামে পণ্য মজুত করেছে। এর মধ্যে অনুমোদিত গুদামের বাইরে আরও দুটি অননুমোদিত গুদামে পণ্য সংরক্ষণ করা হচ্ছিল।

এনবিআর জানায়, অননুমোদিত গুদামে বন্ড সুবিধায় আমদানি করা শুষ্কমুক্ত পণ্য স্থানান্তর বা অপসারণ ঠেকাতে চারটি গুদামই সিলগালা করা হয়েছে। সুষ্ঠু তদন্তের স্বার্থেও এ ব্যবস্থা নেওয়া হয়েছে।

এ ঘটনায় তদন্ত ও বিস্তারিত যাচাই চলছে। পরবর্তী সময়ে এ বিষয়ে বিস্তারিত জানানো হবে বলে জানিয়েছে এনবিআর।

এ বিভাগের আরও খবর



যানজট নিরসনে বৃত্তাকার সড়ক নির্মাণ কাজের গতি বাড়ানোর নির্দেশ প্রধানমন্ত্রীর
প্রধানমন্ত্রী তারেক রহমান যানজট নিরসনে বৃত্তাকার সড়ক নির্মাণকাজের গতি বাড়ানোর নির্দেশ দিয়েছেন। ঢাকা মহানগরের যানজট নিরসনে অভ্যন্তরীণ বৃত্তাকার...



সেপ্টেম্বরে সড়ক দুর্ঘটনায় নিহত ৪২৩, আহত ৬৭৪
সেপ্টেম্বর মাসে দেশে ৪৪২টি সড়ক দুর্ঘটনায় ৪২৩ জন নিহত এবং ৬৭৪ জন আহত হয়েছেন। নিহতদের মধ্যে ৭৩ জন নারী ও ৬১ জন শিশু। রোড সেক্টি ফাউন্ডেশনের মাস...



বিমানবন্দরে একদিনে সাড়ে ১৩ কেজি স্বর্ণ উদ্ধার
হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৃথক দুটি অভিযানে একদিনে ১৩ দশমিক ৮৪ কেজি স্বর্ণ উদ্ধার করেছে কাস্টমস কর্তৃপক্ষ। এর মধ্যে এক যাত্রীর শ...



পবিত্র মদিনায় হুখিদের হামলা, তীত্র নিন্দা জানাল বাংলাদেশ
সৌদি আরবের পবিত্র মদিনানগরীতে তাইবাহ্ বিদ্যুৎকেন্দ্রে হুখিদের ছোন হামলার তীত্র নিন্দা জানিয়েছে বাংলাদেশ সরকার।গোববার (৪ অক্টোবর) এক বিবৃতিত...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/national/gulshane-salman-muktadirer-shbshurer-char-mder-gudam-silgala>